

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৭৬

আগরতলা, ১১ জুলাই, ২০২৪

কাঞ্চনমালায় ওভাল ফ্রেশ প্রাইভেট  
লিমিটেডের ফার্ম পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ দুপুরে কাঞ্চনমালায় ওভাল ফ্রেশ প্রাইভেট লিমিটেডের ফার্ম পরিদর্শন করেন। রাজ্যপাল ফার্মে গিয়ে পৌছালে তাঁকে স্বাগত জানান ফার্মের পক্ষে গৌতম দেবনাথ ও জীবনানন্দ বণিক। ফার্ম পরিদর্শনের সময় রাজ্যপাল ফার্মের পোল্ট্রি, শূকর, ছাগল, ডেয়ারি, মৎস্যচাষ, অর্গানিক সজি চাষ, বায়োগ্যাস ইউনিটগুলি পরিদর্শন করেন। ৩৩ একর জায়গা নিয়ে এই ফার্মটি গড়ে তোলা হয়েছে। ফার্ম পরিদর্শন শেষে রাজ্যপাল সাংবাদিকদের জানান, রাজ্যে পোল্ট্রি মোরগের উৎপাদন বৃদ্ধিতে এই ফার্মটি উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছে। এই ফার্মটি দেখে রাজ্যের বেকার যুবক-যুবতীরাও এই ধরনের ফার্ম তৈরী করতে উৎসাহিত হবে। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*